

শাহজালাল বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সিনিয়র-জুনিয়র কথা-

কাটাকাটির জেরে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে।

সংঘর্ষে আহত একজনকে সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১টার দিকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় এলাকা সংলগ্ন নয়াবাজার এলাকায় চায়ের দোকানে পায়ের ওপর পা তুলে বসা নিয়ে ইংরেজি বিভাগের স্নাতক কাটাকাটি হয়। এক পর্যায়ে তাঁদের মধ্যে হাতাহাতি হয়।

এ সময় রিশাদ ঠাকুর চোখে আঘাত পান।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বিষয়টি সমাধান করতে গিয়ে নাঈমকে মারধর করেন সামাজিক বিজ্ঞান অনুষদের যুগ্ম সম্পাদক সুমন মিয়া।

এ সময় স্ট্যাম্পের আঘাতে ছাত্রলীগের সাবেক পরিবেশবিষয়ক সম্পাদক খলিলুর রহমানের অনুসারী আব্দুর রব নাঈমের মাথা ফেটে যায়।

তাঁকে সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষ মোহাম্মদ মনিরুজ্জামান খান বলেন, ‘সিনিয়র-

জুনিয়রের মধ্যে একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে।

দুই গ্রুপের নেতাদের সঙ্গে বসে বিষয়টি সমাধান করে দেওয়া হয়েছে।’